

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

স্মারক নং-স্থাসবি/ইপ/সাবঅ-৩৮/২০০৭(অংশ-২)- ৪২৮

তারিখ : ৩০ চৈত্র, ১৪২২ বঙ্গাব্দ ।  
১৩ এপ্রিল, ২০১৬ খ্রিঃ ।


**অফিস আদেশ**

যেহেতু, নোয়াখালী জেলার বেগমগঞ্জ উপজেলার ০৫ ছয়ানী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জনাব জামাল উদ্দিন এর বিরুদ্ধে ফৌজদারী মামলা নং-৩৮, তারিখঃ ৩০.০৭.২০১৪, চার্জসীট নং-১৩৭(ক), জি.আর নং-১৩৬৭/১৪, বেগমগঞ্জ মডেল থানা মামলা নং-০৯, তারিখঃ ০৮.০১.২০১৫ চার্জসীট নং-২৭৫, ০৪/০৭/২০১৫ এবং বেগমগঞ্জ থানার মামলা নং-৪১, প্রকৃত নং-৪৬, তারিখঃ ২৭/০৩/২০১৪ এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে মর্মে জেলা প্রশাসক ও বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, নোয়াখালী জানিয়েছেন;

যেহেতু, বিজ্ঞ আদালতে উল্লিখিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এর বিরুদ্ধে বিচারার্থীন মামলায় অভিযোগপত্র আদালত কর্তৃক গৃহীত হওয়ায় তাঁর দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু উক্ত ইউপি চেয়ারম্যানকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) মোতাবেক সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।


  
(শরীফা আহমেদ)  
সিনিয়র সহকারী সচিব  
☎ ৯৫৮৬৬০৫  
Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-স্থাসবি/ইপ/সাবঅ-৩৮/২০০৭(অংশ-২)- ৪২৮

তারিখ : ৩০ চৈত্র, ১৪২২ বঙ্গাব্দ ।  
১৩ এপ্রিল, ২০১৬ খ্রিঃ ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১. জেলা প্রশাসক, নোয়াখালী ।
০২. উপজেলা নির্বাহী অফিসার, বেগমগঞ্জ, নোয়াখালী ।
০৩. জনাব জামাল উদ্দিন, চেয়ারম্যান (সাময়িকভাবে বরখাস্তকৃত), ০৫ ছয়ানী ইউনিয়ন পরিষদ, বেগমগঞ্জ, নোয়াখালী ।
০৪. সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ) ।

  
(শরীফা আহমেদ)  
সিনিয়র সহকারী সচিব